## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **ব্যাকরণ অংশ:**<br>ভাষা ও বাংলা ভাষা বিরাম চিহ্ন | **খ) নিচের অনুচ্ছেদটিতে যথাস্থানে বিরাম চিহ্ন বসিয়ে তা চলতি রীতিতে লিখ:**<br>সকাল বেলায় আমার নভেলের সপ্তদশ পরিচ্ছেদে হাত দিয়াছি এমন সময় মিনি আসিয়াই আরম্ভ করিয়া দিল বাবা রামদয়াল দারোয়ান কাকাকে কৌয়া বলেছিল সে কিছু জানে না না সে আমার লিখিবার টেবিলের পার্শ্বে আমার পায়ের কাছে বসিয়া নিজের দুই হাঁটু এবং হাত লইয়া অতিদ্রুত উচ্চারণে আগডুম বাগডুম খেলিতে আরম্ভ করিয়া দিল আমার ঘর পথের ধারে হঠাৎ মিনি আগডুম বাগডুম খেলা রাখিয়া জানালার ধারে ছুটিয়া গেল এবং চিৎকার করিয়া ডাকিতে লাগিল কাবলিওয়ালা ও কাবলিওয়ালা। | • চলতি ভাষার নিয়ম অনুযায়ী অনুচ্ছেদের প্রতিটি বাক্য শুদ্ধ হবে<br>• যথাস্থানে বিরাম চিহ্ন বসাতে হবে |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গণিত**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-৩ | **চতুর্থ অধ্যায়:**<br>২. বীজগণিতীয় রাশির সদৃশ ও বিসদৃশ পদ<br>৩. এক বা একাধিক পদ বিশিষ্ট বীজগণিতীয় রাশি বর্ণনা<br>৪. বীজগণিতীয় রাশির যোগ ও বিয়োগ<br><br>**সপ্তম অধ্যায়:**<br>১. রেখাংশ পরিমাপ<br>২. রেখাংশ অঙ্কন<br>৩. কোণের চিত্র অঙ্কন<br><br>**অষ্টম অধ্যায়:**<br>১. তথ্য ও উপাত্ত<br>২. অবিন্যস্ত উপাত্তের গড়, মধ্যক ও প্রচুরক নির্ণয় | **প্রশ্ন: ০১**<br>$5x^2-2xy+3y^2$, $x^2-3xy$, $-y^2+5xy$ তিনটি বীজগণিতীয় রাশি হলে-<br>ক) প্রথম রাশিটির পদ সংখ্যা কয়টি এবং কী কী?<br>খ) রাশি তিনটির যোগফল নির্ণয় কর।<br>গ) $x=3$, $y=2$ হলে, ১ম রাশি থেকে ৩য় রাশির বিয়োগফলের মান নির্ণয় কর।<br><br>**প্রশ্ন: ০২**<br>$\angle ABC$=৬০°<br>ক) $\angle ABC$ কে চাঁদার সাহায্যে অংকন কর।<br>খ) $\angle ABC$ কে সমদ্বিখন্ডিত কর (রুলার ও কম্পাসের সাহায্যে)।<br>গ) অংকনের চিহ্ন ও বিবরণ দাও।<br><br>**প্রশ্ন: ০৩**<br>একজন শিক্ষার্থী ৪০ থেকে ৬০ পর্যন্ত সংখ্যাগুলোর মধ্যে নিম্নের সংখ্যাগুলো লিখল।<br>৫০, ৪৫, ৪৮, ৪৯, ৬০, ৫৮, ৫৭, ৪৫, ৪৭, ৪৫, ৪৩, ৪২, ৪৭,<br>ক) উপাত্তগুলোকে বিন্যস্ত কর।<br>খ) উপাত্তগুলোর গড় নির্ণয় কর।<br>গ) উপাত্তগুলোর মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। | ১. বীজগণিতীয় রাশির যোগ বিয়োগ করতে পারা।<br><br>২. রুলার ও কম্পাসের সাহায্যে কোণের সমদ্বিখন্ডক এঁকে বিবরণ দিতে পারা।<br><br>৩. অবিন্যস্ত উপাত্ত বিন্যস্ত করে গড়, মধ্যক ও প্রচুরক নির্ণয় করতে পারা। |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: কৃষি শিক্ষা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **তৃতীয় অধ্যায়:**<br>কৃষি উপকরণ<br>● পাঠ-১ মাটির গঠন<br>● পাঠ-২ মাটির প্রকারভেদ<br><br>**পঞ্চম অধ্যায়:**<br>কৃষিজ উৎপাদন<br>● পাঠ-১ উদ্যান ফসলের পরিচিত ও অর্থনৈতিক গুরুত্ব | **সৃজনশীল প্রশ্ন:**<br>১) ষষ্ঠ শ্রেণির কৃষি শিক্ষা ক্লাসে মাটি বিষয়ে শিক্ষক বললেন, সব ধরনের ফসল একই ধরনের মাটিতে চাষ করা সম্ভব নয়। আলু , গম, পাট, তরমুজ, বাদাম, বাধাকপি ইত্যাদি ফসলগুলো চাষের জন্য ভিন্ন ভিন্ন বৈশিষ্ট্যের মাটি প্রয়োজন হয়। শিক্ষক আরও বললেন এমন এক ধরনের মাটি আছে যার অর্ধেক বালিকণা আর বাকি অর্ধেক পলিকণা ও কাঁদা যুক্ত হয়।<br>ক) উদ্দীপকের প্রদত্ত ফসলগুলো চাষের উপযোগী মাটির প্রকারভেদ অনুযায়ী তালিকা তৈরি কর।<br>খ) শিক্ষকের শেষ মন্তব্যটি কোন মাটিকে নির্দেশ করে? ব্যাখ্যাপূর্বক ধান চাষের জন্য এই মাটি উপযোগী কী না-যুক্তি দাও।<br><br>২। তোমার এলাকায় জন্মে এমন ফুল, ফল, শাকসবজি ও মসলা জাতীয় ফসলের (পাঁচটি করে) তালিকা তৈরি কর এবং এগুলোর অর্থনৈতিক গুরুত্ব বর্ণনা কর। | ১। ক)<br>● তালিকা তৈরিতে সঠিকতা<br>● নির্ভুল তথ্য উপস্থাপন<br>খ)<br>● বিষয়বস্তুর সঠিক ধারণা প্রদান<br>● পাঠ্যপুস্তক ও উদ্দীপকের আলোকে ধারণার সঠিক ব্যাখ্যা<br>● বিষয়বস্তুর ধারণার আলোকে সংশ্লেষণ/বিশ্লেষণ/যুক্তি উপস্থাপন<br><br>২।<br>● তালিকা তৈরিতে সঠিকতা<br>● নির্ভুল তথ্য উপস্থাপন<br>● প্রতিটির কমপক্ষে দুটি করে অর্থনৈতিক গুরুত্ব উল্লেখ |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ-২ | **চতুর্থ অধ্যায়:**<br>(পরিবার ও শিশু) | **রচনামূলক প্রশ্ন:**<br>১। শিশুর বিভিন্ন বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে শিশুকালকে বিভাজন করার প্রয়োজন আছে কী? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। | ১।<br>● বয়স অনুযায়ী সঠিক বিভাজন ও নামকরণ<br>● নামকরণ অনুযায়ী আচরণ/বৈশিষ্ট্য নির্ধারণ<br>● বিভাজন কেন প্রয়োজন তার ব্যাখ্যা প্রদান<br>● তথ্যের ধরাবাহিক উপস্থাপনা |
| | **পঞ্চম অধ্যায়:**<br>(ছোটদের শিষ্টাচার শিক্ষা) | **সংক্ষিপ্ত প্রশ্ন:**<br>২। ক) বাবা-মা ও শিক্ষককে কীভাবে সম্মান করা উচিত?<br>খ) তোমার শ্রেণিতে একজন দৃষ্টি প্রতিবন্ধী বন্ধু আছে। তার প্রতি তোমার আচরণ কেমন হবে? | ২। ক)<br>● কমপক্ষে ৫টি সঠিক উপায় চিহ্নিতকরণ<br>খ)<br>● বিষয়বস্তুর ধারণা<br>● ধারণার সঠিক ব্যাখ্যা<br>● আচরণ সম্পর্কিত কমপক্ষে ৫টি ধারণা প্রদান |
| | **একাদশ অধ্যায়:**<br>(খাদ্যাভাস গঠন) | ৩। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস জানার পর তুমি কী ধরণের খাবার মজুদ করবে? কেন? এসব খাবারকে কী বলা হয়? | ৩।<br>● খাবার সম্পর্কিত ধারণা প্রদান<br>● গুরুত্ব/প্রয়োজনীয়তার ব্যাখ্যা প্রদান |
| | **চতুর্দশ অধ্যায়:**<br>(পোশাকের মজুদ ও সংরক্ষণ) | ৪। শীতের শেষে শীতকালীন পোশাকের যত্ন কীভাবে নিবে বুঝিয়ে লিখ। | ৪।<br>● শীতকালীন পোশাকের ধারণা<br>● যত্ন নেয়ার কমপক্ষে ৪টি সঠিক উপায় চিহ্নিতকরণ |